

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
ছাগলনাইয়া, ফেনী।
www.dss.chagalnaiya.feni.gov.bd

নম্বর- ৪১.০১.৩০১৪.০০০.০৬.১০১.১৯.৫৮৩

তারিখঃ-২৫/১০/২০২১ খ্রিঃ।

অফিস আদেশ

উপজেলা সমাজসেবা কার্যালয়, ছাগলনাইয়া, ফেনীতে কর্মরত সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সকাল ০৯ টায় কার্যালয়ে উপস্থিত হয়ে হাজিরা খাতায় স্বাক্ষর করবেন। ইউনিয়ন সমাজকর্মী (সকল)/কারিগরি প্রশিক্ষকগণ সকাল ০৯ টা ৪০ মিনিট পর্যন্ত কার্যালয়ে বাধ্যতামূলকভাবে উপস্থিত থেকে প্রয়োজনীয় কাজ সম্পন্ন স্বরূপ বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগ্রহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর জনগোষ্ঠীর ভাতা ও শিক্ষা উপবৃত্তি, ইউনিয়নে আরএমএস, আরএমসি, দক্ষ ও প্রতিবন্ধী ঋণ এবং আশ্রয়ন প্রকল্পের ক্ষুদ্র ঋণসহ অন্যান্য বিষয় সমূহ সম্পাদনে দায়িত্বাধীন পৌরসভা/ইউনিয়নে যাবেন। প্রত্যেক দিন ইউনিয়ন সমাজকর্মী, কারিগরি প্রশিক্ষক দায়িত্বাধীন পৌরসভা/ইউনিয়নে আরএমএস, আরএমসি, দক্ষ ও প্রতিবন্ধী ঋণ এবং আশ্রয়ন প্রকল্পের ক্ষুদ্র ঋণের কিস্তি আদায় পূর্বক বিকাল ০৫ টার মধ্যে কার্যালয়ে ফিরে কিস্তি আদায় রশিদ, ব্যাংকে টাকা জমার রশিদ এবং কিস্তি আদায় রেজিস্টারসমূহ ফিল্ড সুপারভাইজার কর্তৃক নিরীক্ষা শেষে অফিস ত্যাগ করবেন। উল্লেখ্য, গণকর্মচারী শৃঙ্খলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ ১৯৮২ এবং সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা ২০১৯ অনুযায়ী, কোনো কর্মচারী অফিসে বিনা অনুমতিতে অনুপস্থিতি, বিলম্বে উপস্থিতি এবং পূর্ব অনুমতি ব্যতীত নির্দিষ্ট সময়ের আগেই অফিস ত্যাগ করলে তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেয়া হবে।

ইহা অবিলম্বে কার্যকর হবে।

মোহাম্মদ আলমগীর মিয়া
উপজেলা সমাজসেবা অফিসার
মোবাইল- ০১৭০৮৪১৪৮০৭
টেলিফোন- ০৩৩২২৭৮৪৫৬
ইমেইল-usso.chagalnayya@dss.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় কাযার্থে/ জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হ'লঃ-

১. উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফেনী।
২. ফিল্ড সুপারভাইজার/ অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটর, উপজেলা সমাজসেবা কার্যালয়, ছাগলনাইয়া, ফেনী।
৩. ইউনিয়ন সমাজকর্মী (সকল)/কারিগরি প্রশিক্ষক, উপজেলা সমাজসেবা কার্যালয়, ছাগলনাইয়া, ফেনী।
৪. অফিস কপি।